

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৬৮

৩৪/ শিকার, যব্হ ও কোন প্রকার জন্তু খাওয়া যায় (كتاب الصيد والذبائح ما يؤكل من الحيوان) পরিচ্ছেদঃ ৩৪/৫. গৃহপালিত গাধার গোশত খাওয়া হারাম।

تحريم أكل لحم الحمر الإنسية

## আরবী

حديث سَلَمَةَ بْنِ الأَكْوَعِ رضي الله عنه، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى نِيرَانًا تُوقَدُ يَوْمَ خَيْبَرَ قَالَ: عَلَى الْحُمُرِ الإِنْسِيَّةِ، قَالَ: اكْسِرُوهَا وَأَهْرِقُوهَا قَالُوا: عَلَى الْحُمُرِ الإِنْسِيَّةِ، قَالَ: اكْسِرُوهَا وَأَهْرِقُوهَا قَالُوا: أَلاَ نُهَرِيقَهَا وَنَغْسِلُهَا قَالَ: اغْسِلُوا

## বাংলা

১২৬৮. সালামাহ ইবনুল আকওয়া (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার যুদ্ধে আগুন প্রজ্জ্বলিত দেখে জিজ্ঞেস করলেন, এ আগুন কেন জ্বালানো হচ্ছে? সাহাবীগণ বললেন, গৃহপালিত, গাধার মাংস রান্না করার জন্য। তিনি বললেন, পাত্রটি ভেঙ্গে দাও এবং মাংস ফেলে দাও। তাঁরা বললেন, আমরা মাংস ফেলে দিয়ে পাত্রটা ধুয়ে নিব কি? তিনি বললেন, ধুয়ে নাও।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪৯: ক্রীতদাস আযাদ করা, অধ্যায় ৩২, হাঃ ২৪৭৭; মুসলিম, পর্ব ৩৪ : শিকার, যব্হ ও কোন্ প্রকার জন্তু খাওয়া যায়, অধ্যায় ৫, হাঃ ১৮০২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন